গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
প্রশাসন (কর্মচারী) শাখা
৯১, মতিঝিল বা/এ, ঢাকা।
www.moind.gov.bd

স্মারক নম্বর- ৩৬.০০.০০০০.০৪৭.১১.০০০১.২০-৮৬

তারিখ: ২৫ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ / ১১ মার্চ, ২০২৬ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

শিল্প মন্ত্রণালয়ের 'ক্যাশ সরকার' (গ্রেড-১৭)-এর ০১টি এবং 'ফটোকপি অপারেটর' (গ্রেড-১৭)-এর ০১টি শূন্য পদ 'মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮' এর তফসিল-৮ এবং 'বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ (সংশোধিত ০৫/১১/২০২০)' এর তফসিল - ১(১১) মোতাবেক পদোন্নতির মাধ্যমে পূরণ করা হবে। বর্ণিত বিধিমালা অনুযায়ী উক্ত ০২টি পদে নিয়োগ পদ্ধতি ও প্রয়োজনীয় যোগ্যতা নিম্নরূপঃ

ক্র.নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
১.	ক্যাশ সরকার	প্রযোজ্য নয়	পদোন্নতির মাধ্যমে। পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে: (ক) মোহরার বা রেকর্ড সাপ্লাইয়ার বা অফিস সহায়ক (উচ্চ স্কেল) পদে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরির অভিজ্ঞতা: এবং (খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে।
২.	ফটোকপি অপারেটর	প্রযোজ্য নয়	পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে: (ক) দপ্তরী পদে ০২ (দুই) বৎসরের চাকুরি; অথবা অফিস সহায়ক পদে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরি; অথবা দপ্তরী ও অফিস সহায়ক পদে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরি; এবং (খ) ফটোকপি মেশিন চালনার বাস্তব অভিজ্ঞতা।

০২। উক্ত 'ক্যাশ সরকার' ও 'ফটোকপি অপারেটর' পদে পদোন্নতিযোগ্য ফিডার পদধারী অফিস সহায়কগণকে আগামী ১৬.০৩.২০২৬ তারিখ সোমবার সকাল ১০.৩০ ঘটিকায় বিভাগীয় নির্বাচন/পদোন্নতি কমিটির সভাপতি ও অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের অফিস কক্ষে (কক্ষ নং-৪০১, ৪র্থ তলা, শিল্প মন্ত্রণালয়) সংশ্লিষ্ট পদের জন্য প্রযোজ্য ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যথাসময়ে উপস্থিত থাকতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১১/০৩/২০২৬

মর্তুজা আল-মুঈদ
সিনিয়র সহকারী সচিব
✆ ২২৩৩৮৭৩৭০
✉ sasest@moind.gov.bd

জনাব/মিজ .....অফিস সহায়ক
শিল্প মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি: সদয় অবগতির জন্য-

০১। সিস্টেম এনালিস্ট (ওয়েবসাইডে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য);
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়, ঢাকা;
০৩। নোটিশ বোর্ড; এবং
০৪। অফিস কপি